# বার্ষিক প্রতিবেদন

## ২০২১-২২

উপজেলা সমবায় কার্যালয়, পবা, রাজশাহী

### সহযোগিতায়

মোহাঃ পলাশ উদ্দীন

সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয় পবা রাজশাহী

মোসা: নাসরিন আলম

সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয় পবা রাজশাহী

### প্রধান পৃষ্ঠপোষক:

মোঃ সুলতানুল ইসলাম

উপজেলা সমবায় অফিসার, পবা,রাজশাহী


### প্রকাশনায়:

উপজেলা সমবায় কার্যালয়, পবা,রাজশাহী

cooperative.paba.rajshahi.gov.bd

প্রকাশ কাল ১৩ অক্টোবর ২০২২



"আমার দেশের প্রতিটি মানুষ খাদ্য পাবে, আশ্রয় পাবে, শিক্ষা পাবে উন্নত জীবনের অধিকারী হবে- এই হচ্ছে আমার স্বপ্ন। এই পরিপ্রেক্ষিতে গণমুখী সমবায় আন্দোলনকে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে।"

**-জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান**



"এটা পরীক্ষিত যে বহুমুখী গ্রাম সমবায় আমরা যদি গড়ে তুলতে পারি, বাংলাদেশে কোন দারিদ্র্য থাকবে না।"

-মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা

৪৯তম জাতীয় সমবায় দিবস-২০২০ উদ্‌যাপন এবং জাতীয় সমবায় পুরস্কার প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ

# দপ্তর পরিচিতি

স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অধীনে সমবায় অধিদপ্তরের মাঠ পর্যায়ের অফিস উপজেলা সমবায় কার্যালয়। রাজশাহী জেলার পবা উপজেলা পরিষদ চত্বরে উপজেলা সমবায় কার্যালয়,পবা অবস্থিত। উপজেলা সমবায় কার্যালয় সমবায় সমিতি আইন ও বিধি মোতাবেক সমবায় নিবন্ধন,অডিট, পরিদর্শন সহ সমবায় সমিতির যাবতীয় কার্যক্রমের প্রথম ইউনিট অফিস হিসাবে কাজ করে। এ দপ্তরে মোট জনবল ০৫ জন। ০১ জন সমবায় অফিসার, ০২ জন সহকারী পরিদর্শক, ০১ জন অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর ও ০১ জন অফিস সহায়ক।

উপজেলা সমবায় কার্যালয় পবা রাজশাহীর আওতাধীন সমবায় সংক্রান্ত তথ্য :

কেন্দ্রীয় সমিতির সংখ্যা ০৩টি

সাধারণ : রাজশাহী কেন্দ্রীয় ইক্ষুচাষী সমবায় সমিতি লি:

পউবো : ১) পবা ইউসিসিএলি:

২) পবা ইউবিসিসিএ লি:

প্রাথমিক সমিতির সংখ্যা ২৫১ টি

সাধারণ : ১০৪টি

পউবো : ২৪৭টি

আশ্রয়ণ প্রকল্প ০১টি

কাশিয়া ডাংগা আশ্রয়ণ ফেইজ-২ প্রকল্প

সমবায় সমিতির সদস্য সংখ্যা

৩০/৬/২০২২ পর্যন্ত সমবায় সমিতির মোট সদস্য সংখ্যা ১২৯১২ জন।

সমবায় সমিতির মোট মূলধন

৩০/৬/২০২২ পর্যন্ত সমবায় সমিতির মোট মূলধন : ৭৮৮.৫৪ লক্ষ টাকা

## ২০২১-২২ অর্থ বছরের উল্লেখযোগ্য কার্যাবলি

সমবায়কে উন্নয়নমুখী ও টেকসই করার জন্য সমবায় অধিদপ্তরের কাজের ধারাবাহিকতা রক্ষার পাশাপাশি ভবিষ্যৎ চ্যালেঞ্জ মোকাবেলার ভিত্তি প্রস্তুতের ক্ষেত্রে উপজেলা সমবায় কার্যালয়, পবা, রাজশাহী বিগত বৎসরে উল্লেখযোগ্য সাফল্য অর্জন করে। কর্মকর্তাগণের উদ্ভাবনী প্রয়াসের ফলে সমবায়কে আরও গণমানুষের সংগঠনে পরিণত করতে ও এর গুণগত মান উন্নয়নে এ বিভাগে উৎপাদনমুখী ও সেবাধর্মী সমবায় গঠন, সমবায় উদ্যোক্তা সৃষ্টির কৌশল অবলম্বন, সমবায় পণ্য উৎপাদন ও বাজারজাতকরণে সহায়ক ভূমিকা পালন করতে সক্ষম হয়। বিগত অর্থ বছরে ০৩টি নতুন সমবায় সমিতি গঠন এবং ৫৩০ জন কে নতুনভাবে সমবায়ে সদস্যভুক্ত করা হয়েছে। ২০২১-২২ সালে ৬৪টি সমবায় সমিতির নিরীক্ষা সম্পন্ন করা হয়। ভ্রাম্যমাণ টিমের মাধ্যমে ২২৫ জন সমবায়ীকে চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়াও আই.জি.এ প্রশিক্ষণের মাধ্যমে ২৫ জন মহিলাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। চাহিদাভিত্তিক প্রশিক্ষণ ও ঋণ প্রদানের মাধ্যমে ৬০ জনের স্ব-কর্মসংস্থানের হয়েছে। এছাড়াও ‘রূপকল্প ২০৪১,‘এসডিজি অর্জন এবং ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনার আলোকে সমবায় অধিদপ্তর কর্তৃক গৃহীত উন্নয়ন প্রকল্পের কিছু কার্যক্রম এ দপ্তরে বাস্তবায়ন করা হচ্ছে। বাস্তবায়িত ও চলমান এ সকল প্রকল্পগুলোর মাধ্যমে বিগত বছরে ১০৪২ জন গ্রামীণ মহিলা ও বেকার যুবককে স্বাবলম্বী করা হয়েছে। এছাড়া প্রধানমন্ত্রীর দপ্তরের আশ্রয়ণ প্রকল্পের আওতায় ক্রমপুঞ্জিভূত ১৫,০৭,০০০/- টাকা ঋণ বিতরণ এবং ১৪,৩২,০০০/- টাকা আদায় করা হয়েছে।

## বিগত বৎসরের সাফল্য

উন্নয়নমুখী ও টেকসই সমবায় গঠনের মাধ্যমে পবা উপজেলার বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের আর্থ-সামাজিক উন্নয়নে উপজেলা সমবায় কার্যালয়, পবা, রাজশাহী এর আওতাধীন নিবন্ধিত সমবায় এর সংখ্যা ১০৪টি। নানা শ্রেণি ও পেশার সম্মিলনে তৈরী হওয়া বৈচিত্রময় কার্যক্রমেপূর্ণ বিপুল সংখ্যক সমবায় সমিতিতে সুশাসন প্রতিষ্ঠার জন্য পরিদর্শন, নিরীক্ষার মাধ্যমে নিবিড়ভাবে মনিটরিং করা হচ্ছে।

বিগত বছরের সাফল্য সমূহ নিম্নরূপ;

(ক) বিভিন্ন শ্রেণী পেশার জনগোষ্ঠী সমবায়ের মাধ্যমে একত্রিত হয়ে সম্মিলিত মূলধন গড়ে তুলেছে। বর্তমানে ০৩টি কেন্দ্রীয় এবং ১০৪টি প্রাথমিক (সাধারণ) ও ১৪৭টি (পউবো) মোট ২৫১ টি সমবায় সমিতির ৭৮৮.৫৪ লক্ষ্য টাকা মূলধন গঠিত হয়েছে;

(খ) সমবায় থেকে আয়বর্ধনমূলক প্রশিক্ষণ গ্রহণ করে প্রান্তিক জনগন সাবলম্বী হওয়ার সুযোগ সৃষ্টি হয়েছে। আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইনস্টিটিউটে মোট ১৭ জন সমবায়ী প্রশিক্ষণ গ্রহণ করেছেন;

(গ) সমবায়ের মাধ্যমে ২১৮৬ জন লোকের কর্মসংস্থান সৃষ্টি হয়েছে;

(ঘ) ২০২১-২২ অর্থ বছরে অডিট ফি বাবদ ০.৫৬৫৪০ লক্ষ টাকা সরকারি রাজস্ব আদায় করা হয়েছে;

(ঙ) ২০২১-২২ অর্থ বছরে সমবায় উন্নয়ন তহবিলে ০.৩৬৪০৬ লক্ষ টাকা আদায় করা হয়েছে;

(চ) আশ্রয়ণ সমবায় সমিতির সদস্যদের ঋণ বিতরণ ও বিতরণকৃত ঋণ আদায় কার্যক্রম চলমান রয়েছে। উপজেলার কাশিয়াডাংগা আশ্রয়ণ প্রকল্পে ৩০ জন সদস্যকে ক্রমপুঞ্জিভূত ১৫,০৭,০০০/- টাকার ঋণ বিতরণ ও ১৪,৩২,০০০/- টাকা ঋণ আদায় হয়েছে। সার্ভিস ফি আদায় হয়েছে ১১৪৫৬০/-টাকা। প্রকল্প দপ্তরে সার্ভিস ফি প্রেরণ করা হয়েছে ২১০০০/- টাকা;

(ছ) ২০২১-২২ অর্থ বছরে ০৩টি প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধন হয়েছে;

(জ) ২০২১-২২ অর্থ বছরে ৫৬২ জন সদস্যর মধ্যে ৪৫.৩৫ লক্ষ টাকা লভ্যাংশ বিতরণ হয়েছে;

(ঝ) ৮টি ভ্রাম্যমান প্রশিক্ষণের মাধ্যমে ২০০ জন সদস্যকে কৃষি, পশুপালন, মৎস্যচাষ ও সমবায় ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়েছে;

(ঞ) আইজিএ প্রশিক্ষণের মাধ্যমে ২৫ জন নারী সমবায়ীকে প্রশিক্ষিত করে আত্নকর্মসংস্থানের সুযোগ করে দেওয়া হয়েছে;

(ট) সমিতি গুলির সফল কার্যক্রমের প্রেক্ষিতে ইতোমধ্যে ০২ টি মহিলা সমবায় সমিতি তাদের নিজস্ব অর্থায়নে সমিতির নামীয় জমি ক্রয় এবং নিজস্ব অফিস ঘর নির্মাণ করেছে। অফিস ঘরের সাথেই সমিতির সদস্যদের উৎপাদিত পণ্য বিক্রয়ের জন্য শব্জী বিক্রয় শেড, ছাগল বিক্রয় শেড ও গরু বিক্রয় শেড রয়েছে। সমিতির সদস্যদের উৎপাদিত পণ্য পরিবহণের জন্য সমিতির অর্থায়নে মিনি ট্রাক ক্রয় করেছে। সমিতির সদস্যদের উৎপাদিত শাকসব্জি, ডিম , শষ্য বিভিন্ন হাট ও বাজারে পরিবহনের জন্য ট্রাকটি ব্যবহার করা হচ্ছে;

(ঠ) উৎপাদনমুখী ও টেকসই সমবায় গঠনের লক্ষ্যে বিদ্যমান সমবায় সমিতিগুলিকে উদ্বুদ্ধ করণ সহ নতুন সমবায় গঠণের প্রচেষ্টা চলছে। ২০২১-২২ অর্থ বছরে ০১ টি কৃষি ভিত্তিক সমবায় গঠিত হয়েছে;

(ড) উপজেলার মৎস্য সমবায়গুলোর মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধি পেয়েছে।

## জাতীয় সমবায় পুরষ্কার ২০২১ এর মনোনয়ন

পবা উপজেলা হতে নিম্নবর্ণিত ০২টি সমিতিকে জাতীয় সমবায় পুরষ্কার ২০২১ এর জন্য মনোনয়ন প্রদান করা হয়েছে।

| শ্রেণি | সমবায় সমিতির নাম | প্রাপ্ত নম্বর |
|---|---|---|
| সঞ্চয় ও ঋণদান/ক্রেডিট সমবায় সমিতি | উত্তরণ সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ | ৭১ |
| মহিলা সমবায় সমিতি | বড়গাছি মহিলা সমবায় সমিতি লিঃ | ৯৪ |

## কর্মকর্তা/কর্মচারীর তথ্য

অত্র দপ্তরের অনুমোদিত কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা ০৫টি। বর্তমানে ০৩জন কর্মরত আছেন।

| কর্মকর্তা/কর্মচারীর নাম | | পদবী | মোবাইল নম্বর | ইমেইল এড্রেস |
|---|---|---|---|---|
| মো. সুলতানুল ইসলাম |  | উপজেলা সমবায় অফিসার | ০১৭১৪০০৮৪৯৮ | uco_paba@yahoo.com |
| মোহাঃ পলাশ উদ্দিন |  | সহকারী পরিদর্শক | ০১৭২৪০৮৭৪৫৬ | uco_paba@yahoo.com |
| মোসাঃ নাসরিন আলম |  | সহকারী পরিদর্শক | ০১৭৭৮৪৬০৭২০ | uco_paba@yahoo.com |

### ২০২১-২২ সালে ০২ জন কর্মচারী পদোন্নতি পেয়েছেন

| কর্মকর্তা/কর্মচারীর নাম | | পদোন্নতি পদবী |
|---|---|---|
| সাজেদা বেগম<br>সহকারী পরিদর্শক |  | পরিদর্শক |
| শ্যামল কুমার ঘোষ<br>অফিস সহকারী |  | সহকারী পরিদর্শক |

### ২০২১-২২ সালে ০২ জন কর্মচারী অবসরে গিয়েছেন

| কর্মকর্তা/কর্মচারীর নাম | | পদবী |
|---|---|---|
| মুহাঃ আবুল কাশেম মন্ডল |  | উপজেলা সমবায় অফিসার |
| মোঃ আজিজুর রহমান |  | অফিস সহায়ক |

## ২০২১-২২ সালে ০২ জন কর্মচারী অত্রদপ্তর হতে অন্যত্র বদলী হয়েছেন

| কর্মকর্তা/কর্মচারীর নাম | | পরবর্তী কর্মস্থল |
|---|---|---|
| মো: রেজাউল করিম<br>সহকারী পরিদর্শক |  | মেট্রোপলিটন থানা সমবায় কার্যালয়<br>বোয়ালিয়া,রাজশাহী |
| মোসা: জহুরা খাতুন<br>অফিস সহকারী |  | জেলা সমবায় কার্যালয়<br>রাজশাহী |

## জাতীয় শুদ্ধাচার পুরষ্কার ২০২১-২২ প্রাপ্তদের তালিকা

| কর্মকর্তা/কর্মচারীর নাম | | পদবী |
|---|---|---|
| মো. সুলতানুল ইসলাম |  | উপজেলা সমবায় অফিসার,পবা,রাজশাহী |




# সফল সমবায়

**নিবন্ধন নং : ৮৯৮**
**তারিখ : ২০/০১/২০১৫ খ্রি.**
**সদস্য সংখ্যা : ৩৮৯ জন**
**শেয়ার মূলধন : ৫,০১,৮০০ টাকা।**
**সঞ্চয় আমানত : ১৪,০৭,০০৩ টাকা।**
**কার্যকরী মূলধন : ৪৫,৯৫,৭৯১ টাকা।**
**ঋণ বিতরণ ২,৭৮,৯৬,০০০ টাকা।**

## বড়গাছি মহিলা সমবায় সমিতি লিমিটেড

উপজেলা : পবা
জেলা : রাজশাহী

২০১৫ সালের ২০ জানুয়ারি মাসে পবা উপজেলা সমবায় অফিস হতে ২০ জন সদস্য নিয়ে বড়গাছী মহিলা সমবায় সমিতি লিমিটেড নামে রেজিস্ট্রেশন নিয়ে বড়গাছী মহিলা সমবায় সমিতির যাত্রা শুরু। ওয়েভ ফাউন্ডেশন ও হেইফার ইন্টারন্যাশনাল এর আর্থিক সহায়তায় এবং সদস্যদের সঞ্চয় ও শেয়ার নিয়ে মূলধন শুরু হয়। শুরুতে যার পরিমাণ ছিল ২৮,৪০০ টাকা। ওয়েভ ফাউন্ডেশন ও হেইফার ইন্টারন্যাশনাল এর আর্থিক সহায়তায় মূলধন হয় ২৩,৫৬,২০৭ টাকা। এই মূলধন সদস্যদের মধ্যে ১৫% লাভে বিভিন্ন উৎপাদনমুখী ও আয়বর্ধনমূলক কাজে ঋণ সহায়তা প্রদান করে মূলধনের ব্যবহার করা হয়ে থাকে। সমিতি মূলত নিম্ন বর্ণিত উদ্দেশ্যসমূহ বাস্তবায়নের লক্ষ্যে কার্যক্রম বাস্তবায়ন করে চলেছে :

- উৎপাদনমুখী কর্মকাণ্ডে আর্থিক সেবাদান।
- উপকারভোগীর মধ্যে ছাগল ও গরুর নিয়মিত বিভিন্ন ধরনের টিকা প্রদান করা।
- উপকারভোগীর মধ্যে উন্নত পদ্ধতিতে ছাগল পালনে উদ্বুদ্ধকরণ ও প্রশিক্ষণ দেওয়া।
- উপকারভোগীর মধ্যে উন্নত পদ্ধতিতে গরু পালনে উদ্বুদ্ধকরণ ও প্রশিক্ষণ দেওয়া।
- গরুর গোবরকে কেচোঁর মাধ্যমে জৈব সার (ভার্মি কম্পোস্ট) তৈরিতে উদ্বুদ্ধকরণ ও প্রশিক্ষণ দেওয়া।
- বিভিন্ন উৎপাদন প্রকল্পে সহজ শর্তে ঋণ প্রদান করা হয়।
- সদস্যদের উৎপাদিত পণ্য (বিশেষ করে গরু ও ছাগল) মার্কেট লিংকের মাধ্যমে বাজারজাত করতে সহায়তা করা।
- অর্জিত মুনাফা সমবায় আইন-বিধির আলোকে সদস্যদের শেয়ার ও সঞ্চয়ের ভিত্তিতে বণ্টন করা।
- সজিনা কাটিং ও ফলদ গাছ বিতরণ ও বনজ গাছ রোপণে উদ্বুদ্ধকরণ।
- সদস্য ও তাদের পরিবারের স্বাস্থ্য ও শিক্ষা নিশ্চিতকরণে সমিতির পক্ষ থেকে সহযোগিতা প্রদান করা।
- সদস্যদেরকে পরিবার পরিকল্পনা সম্পর্কে সঠিক ধারণা প্রদান করা এবং বহুবিবাহ, বাল্যবিবাহ, যৌতুক সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা।

### সদস্য সংখ্যা ও বিভিন্ন কর্মসূচি

সমিতির শুরুতে সদস্য সংখ্যা ছিল ২০ জন। সদস্য সংখ্যা দিনদিন বৃদ্ধি পেয়ে বর্তমান সদস্য সংখ্যা ৩৮৯ জন। সমিতির বিভিন্ন আর্থিক ও সামাজিক কর্মকাণ্ডের সাথে সদস্যগণ সম্পৃক্ত রয়েছে। দুই কক্ষ বিশিষ্ট একটি বাড়ি সমিতির অফিস হিসেবে ভাড়া নেয়া হয়েছে। সমিতি সদস্যদের কাছে শেয়ার বিক্রি ও সঞ্চয় আমানত গ্রহণের মাধ্যমে পুঁজি গঠন পূর্বক নিজস্ব মূলধন থেকে সদস্যদের উৎপাদনমুখী বিভিন্ন ট্রেডে ঋণ প্রদানের মাধ্যমে সদস্যদের স্বাবলম্বী করা সমিতির উল্লেখযোগ্য একটি কর্মসূচি। তাছাড়াা শিক্ষা, স্বাস্থ্য, বাসস্থান, সামাজিক বিভিন্ন বিধি-নিষেধ মেনে চলা ইত্যাদি সামাজিক উন্নয়নমূলক কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে।

### বিগত বছরগুলোর উল্লেখযোগ্য কর্মকাণ্ড

বড়গাছী মহিলা সমবায় সমিতি লিমিটেড সদস্যদেরকে বিভিন্ন ধরনের প্রশিক্ষণের




ব্যবস্থা করে থাকে। যেমন: উন্নত প্রাণী ও সম্পদ ব্যবস্থাপনা, মূল্যবোধ বিষয়ক প্রশিক্ষণ ও কারিগরি প্রশিক্ষণ (যেমন বুটিক, কুটিরশিল্প)। তাছাড়া এই সমিতি মাঁচা পদ্ধতিতে ছাগল পালন, কেঁচো কমপোস্ট সার তৈরির জন্য বিনা লাভে ঋণ সহায়তা দিয়ে থাকে। এ পর্যন্ত মূল্যবোধ বিষয়ক প্রশিক্ষণ ২৪০ জন, উন্নত প্রাণী ও সম্পদ ব্যবস্থাপনা প্রশিক্ষণ ১৩০ জনকে, কেঁচো কমপোস্ট সার তৈরির প্রশিক্ষণ ৩০ জনকে, বুটিক প্রশিক্ষণ ৫ জনকে, আর্থিক ব্যবস্থাপনা ৮ জনকে, দ্বন্দ্ব নিরসন ব্যবস্থাপনা প্রশিক্ষণ ১০ জনকে দেওয়া হয়েছে। কর্ম এলাকায় ৮৩ জন সদস্য কেঁচোর মাধ্যমে জৈব সার তৈরি করে নিজেদের জমিতে প্রয়োগ ও বিক্রয় করছে। ছাগলের পিপিআর ৯৫০টি ও গরুর ক্ষুরা, তড়কা, বাদলা ২৫০টি প্রাণী টিকা প্রদান করা হয়েছে। সদস্যদের আর্থিকভাবে উন্নত করার জন্য এ পর্যন্ত গরু মোটাতাজাকরণ প্রকল্পে ১,১৬,৭৯,০০০ টাকা ৪১৪ জনকে, ছাগল পালন প্রকল্পে ২৮,৯৬,০০০ টাকা ১৫৩ জনকে ও সবজি চাষ প্রকল্পে ১,৩৪,১১,০০০ টাকা ৫১০ জনকে ঋণ সহায়তা করা হয়। করোনা মহামারিতে বিভিন্ন সময়ে ১৩৫ জন অসহায় দরিদ্র মানুষের মাঝে মোট ৬৬,১৩৫ টাকার ত্রাণ বিতরণ করেছে।

**অডিট সম্পর্কিত তথ্য**

সমিতি প্রতি অর্থবছর শেষ হওয়ার সাথে সাথে হিসাব বিবরণী ও শেয়ার, সঞ্চয় ও পাওনা কর্জের বিস্তারিত তালিকা প্রস্তুত পূর্বক অডিট অফিসারের সাথে যোগাযোগ পূর্বক সমিতির অডিট করে নেয়। অডিট সম্পাদনের ষাট দিনের মধ্যে বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয় এবং নির্ধারিত সময়ের মধ্যে অডিট নোটের সংশোধনী দাখিল করা হয়ে থাকে। ফলে সমিতির কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হয়।

**যেভাবে সফল হলো**

বড়গাছী মহিলা সমবায় সমিতি লিমিটেড সদস্যদেরকে বিভিন্ন ধরনের প্রশিক্ষণের ব্যবস্থা করে থাকে যেমন- উন্নত প্রাণী ও সম্পদ ব্যবস্থাপনা, মূল্যবোধ বিষয়ক প্রশিক্ষণ ও কারিগরি প্রশিক্ষণ (যেমন বুটিক, কুটিরশিল্প)। তাছাড়া এই সমিতি মাঁচা পদ্ধতিতে ছাগল পালন, কেঁচো কমপোস্ট সার তৈরির জন্য বিনা লাভে ঋণ সহায়তা দিয়ে থাকে। এ পর্যন্ত মূল্যবোধ বিষয়ক প্রশিক্ষণ ২৪০ জন, উন্নত প্রাণী ও সম্পদ ব্যবস্থাপনা প্রশিক্ষণ ১৩০ জনকে, কেঁচো কমপোস্ট সার তৈরির প্রশিক্ষণ ৩০ জনকে বুটিক প্রশিক্ষণ ৫ জন আর্থিক ব্যবস্থাপনা ৮ জন দ্বন্দ্ব নিরসন ব্যবস্থাপনা প্রশিক্ষণ ১০ জনকে দেওয়া হয়েছে। সমিতির কর্ম এলাকায় ৮৩ জন সদস্য কেচোঁর মাধ্যমে জৈব সার তৈরি করে নিজেদের জমিতে প্রয়োগ ও বিক্রয় করছে। ছাগলের পিপিআর ৯৫০টি ও গরুর ক্ষুরা, তড়কা, বাদলা ২৫০টি প্রাণীটিকা প্রদান করা হয়েছে। সদস্যদের আর্থিকভাবে উন্নত করার জন্য ২০১৫-১৬ হতে ২০১৮-২০১৯ ইং অর্থবছর পর্যন্ত গরু মোটাতাজাকরণ প্রকল্পে- মোট ৪১৪ জনকে ১,১৬,৭৯,০০০ টাকা, ছাগল পালন প্রকল্পে ২৮৯৬০০০ টাকা ১৫৩ জনকে ও সবজি চাষ প্রকল্পে ১,৩৪,১১,০০০ টাকা ৫১০ জনকে ঋণ সহায়তা করা হয়।

বিভিন্ন জনকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ দিয়ে সাথে ঋণ সহায়তা করা হয়। ফলে সমিতির সদস্যগণের স্বকর্মসংস্থানের ব্যবস্থা হয়েছে। এতে সমিতির এলাকায় জনগণের অর্থ নৈতিক উন্নয়নে বিপ্লব ঘটেছে। এছাড়া সমিতির সদস্য এবং তাদের পরিবারের মা ও শিশুর জন্য স্থানীয় ডাক্তার দ্বারা চিকিৎসার ব্যবস্থা করা হয়ে থাকে। বৃক্ষরোপণের কর্মসূচি হিসেবে প্রত্যেক সদস্যকে দুইটি করে লেবু গাছের চারা ও সজিনা কাটিং সমিতির খরচে প্রদান করা হয়েছে। গরিব অসহায় মেয়েদের বিয়েতে আর্থিক সহযোগিতা করা হয়ে থাকে। করোনাকালীন কর্মহীন ১৩৫টি পরিবারে মোট ৬৬,১৫০ টাকা মূল্যের খাদ্যদ্রব্য ত্রাণ হিসেবে বিতরণ করেছে। সমিতির আর্থসামাজিক কর্মকাণ্ড সমিতির এলাকায় প্রসংশিত হচ্ছে।

## নাগরিকগণের জন্য প্রদত্ত বিশেষ সেবা

বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় বাস্তবায়নযোগ্য কৌশল সমূহের মাধ্যমে সেবা গ্রহণকারী নাগরিকদের বিভিন্ন সেবা প্রদান করা হচ্ছে। সেবা গ্রহণকারীদের বসার সুব্যবস্থা করা হয়েছে। দাপ্তরিক বিভিন্ন কার্যক্রম নাগরিকদের দৃষ্টিগোচর করার জন্য দপ্তরে নোটিশ বোর্ড স্থাপন করা হয়েছে। অভিযোগ দাখিলের জন্য অভিযোগ বাক্স স্থাপন করা হয়েছে। দপ্তরের ওয়েব পোর্টাল সর্বদা হালনাগাদ রাখা হচ্ছে।

সমবায় সমিতির অডিট, ব্যবস্থাপনা কমিটির নির্বাচন, সাধারণ সভা ও অডিট সংশোধিনী দাখিলের নির্দিষ্ট সময়ে করণীয় নির্ধারিত কাজগুলো যথাসময়ে সম্পাদনের জন্য নোটিশ বোর্ডে প্রকাশ সহ পত্র প্রদানের মাধ্যমে স্টেক হোল্ডারদের অবহিত করা হচ্ছে।

সমবায় আইন ও বিধি মোতাবেক সমিতি পরিচালনার লক্ষ্যে স্থানীয় পর্যায়ে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।

সমিতি পর্যায়ে সমবায় নেতৃবৃন্দের মতবিনিময় সভার আয়োজন করা হচ্ছে।

সমিতির উৎপাদিত পণ্য বাজারজাত করণের জন্য অনলাইন ক্রয়-বিক্রয় কার্যক্রম চলমান রয়েছে। সমবায় বিভাগ কো-অপারেটিভ টু কো-অপারেটিভ এর যোগাযোগ স্থাপনে এখানে সমন্বয়ক হিসাবে কাজ করছে।

তথ্য অধিকার আইন অবহিত করণ, দূর্নীতি দমন আইন অবহিত করণ, ডিজিটাল সেবা বিষয়ে অবহিত করা হচ্ছে।

— ০ —